খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী এবং কুয়েট আবাসিক এলাকায় বসবাসরত সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এডভাইজারি কমিটি, কুইক রেসপন্স টিম এবং মনিটরিং টিম এর আবেদনের প্রেক্ষিতে, বাংলাদেশে কোভিড-১৯ মহামারী প্রেক্ষাপট বিবেচনা করে আগামী ১৬/০৯/২০২০ইং তারিখ থেকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিম্নলিখিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনাসমূহ মেনে চলার জন্য অনুরোধ করা হলো।

১। সরকার কর্তৃক জারিকৃত সকল স্বাস্থ্য বিধি ও নির্দেশনা অবশ্যই মেনে চলা।

২। নিজ বাসস্থানের বাইরে, কুয়েট ক্যাম্পাসের যে কোন স্থানে, যানবাহনে, ও অফিসে কাজ করার সময় সর্বাবস্থায় অবশ্যই মাস্ক (একবার ব্যবহারযোগ্য সার্জিক্যাল মাস্ক অথবা পুনঃব্যবহারযোগ্য তিন স্তরবিশিস্ট কাপড়ের মাস্ক) পরিধান করা ও নূন্যতম ৩ ফুট পারস্পারিক শারীরিক দূরত্ব বজায় রাখা। বিশেষ ক্ষেত্রে হ্যান্ড গ্লোভস, ফেস শিল্ড, পিপিই ইত্যাদি পরিধান করা।

৩। সকল বিভাগ/দপ্তর/শাখায় স্বাস্থ্য বিধি সংক্রান্ত প্রয়োজনীয় সরঞ্জামাদি যেমনঃ সাবান- পানি/স্যানিটাইজার, গগলস/ফেস সিল্ড, মাস্ক, থার্মাল স্ক্যানার/থার্মোমিটার ইত্যাদির ব্যবহার নিশ্চিত করা। সকল বিভাগ/দপ্তর/শাখার অফিস কক্ষ, কমন স্পেস, টয়লেট ইত্যাদি নিয়মিত জীবাণুমুক্ত করা।

৪। ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ ও সন্তান সম্ভবা নারীগণ উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করে কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবেন। সংশ্লিস্ট বিভাগ/দপ্তর/শাখা প্রধান এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

৫। অত্যাবশ্যকীয় ক্ষেত্র ব্যতীত অফিসের বিভিন্ন কার্যক্রম ও সভা Online- এ সম্পন্ন করা।

৬। জরুরী প্রয়োজন ব্যতীত ক্যাম্পাসের সকল বিভাগ/দপ্তর/শাখায় ও আবাসিক এলাকায় বহিরাগতদের আসা- যাওয়া বন্ধ রাখা। স্বাস্থ্য বিধি মেনে চলার শর্তে নির্ধারিত ফর্মে আবেদন করে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আবাসিক এলাকায় গৃহকর্মী প্রবেশ করতে পারবে এবং এ বিষয়ে সংশ্লিস্ট শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী তদারকির দায়িত্ব পালন করবেন।

৭। ক্যাম্পাসের যে কোন স্থানে জড়ো হওয়া যেমন- সভা সমাবেশ, গণজমায়েত, অনুষ্ঠান, খেলাধুলা, যে কোন প্রকার আড্ডা, পিকনিক ইত্যাদি বন্ধ রাখা। বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমতি নেয়া।

৮। শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থল ত্যাগ না করা। সরকার কর্তৃক ঘোষিত দেশ/বিদেশ-.এর ঝুকিপূর্ণ এলাকায় গমন করা থেকে বিরত থাকা।

৯। শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী ও তাঁদের পরিবারবর্গ ক্যাম্পাসের বাহির/ভিতর এর নিজ আবাসস্থলে সরকার কর্তৃক ঘোষিত দেশ/বিদেশ- এর ঝুকিপূর্ণ এলাকা থেকে আগমন করলে কোয়ারেন্টাইনে থাকতে হবে। এছাড়া কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত বিশেষ ক্ষেত্রে স্বাস্থ্য ঝুঁকি রোধে ০৭ (সাত) দিন পর্যবেক্ষণে থাকতে হবে।

১০। যদি কারো করোনা উপসর্গসমূহ (জ্বর/কাশি/গলাব্যথা/শ্বাসকস্ট ইত্যাদি)- এর যে কোন একটি প্রকাশ পায় তাহলে অতিদ্রুত ডাক্তারের পরামর্শ নেয়া, নিজেকে আইসোলেশনে/কোয়ারেন্টাইনে রাখা ও বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের যে কোন ডাক্তার অথবা কুইক রেসপন্স টিমের যে কোন সদস্য এবং নিজ বিভাগ/দপ্তর/শাখা প্রধানকে অবশ্যই অবহিত করা।

১১। নিজ পরিবারের সদস্য (সর্বোচ্চ দুই জন) ব্যতীত অন্য কাউকে নিয়ে সাইকেল/মোটর সাইকেল/রিক্সায় উঠা থেকে বিরত থাকা।

১২। মসজিদ কমিটি ও মনিটরিং কমিটির মাধ্যমে কেন্দ্রীয় মসজিদে গমনকারী সকল মুসুল্লিদের ধর্ম মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কতৃক জারীকৃত সকল নির্দেশনা অনুসরণ নিশ্চিত করা।

১৩। ক্যাম্পাসের সকলেই স্বাস্থ্য বিধিসমূহ মেনে চলছে কিনা তা সকল বিভাগ/দপ্তর/শাখার সংশ্লিষ্ট প্রধানগণ ও আবাসিক এলাকার জন্য গঠিত ভিজিলেন্স টিম- এর তত্ত্বাবধানে মনিটরিং করা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

১৪। আবাসিক এলাকায় করোনা পজিটিভ রোগী সনাক্ত হলে রোগীর বাসস্থান লকডাউন করা হবে এবং উক্ত রোগীর সংস্পর্শে যারা এসেছে তাদেরকে ১৪ দিন কোয়ারেন্টাইনে থাকতে হবে।

১৫। করোনাভাইরাস প্রতিরোধে ভিটামিন 'সি', জিংক ও ম্যাগনেসিয়াম সমৃদ্ধ খাবার পর্যাপ্ত পরিমানে খেতে হবে। প্রচুর পরিমাণে পানি পান করা। প্রক্রিয়াজাত পানীয় ও খাবার, চর্বিযুক্ত খাবার, ফাস্ট ফুড ইত্যাদি পরিহার করা। পর্যাপ্ত বিশ্রাম নেয়া, নিয়মিত ব্যায়াম করা ও সম্ভব হলে দৈনিক ৩০ মিনিট রোদে থাকা।

১৬। নতুন স্বাভাবিক জীবনযাত্রায় নিজের ও পরিবারের সদস্যদের স্বাস্থ্য সুরক্ষায় অত্যাধিক যত্নবান হওয়া ও সবাইকে স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা মেনে চলার জন্য উৎসাহিত করা।

১৭। স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা অমান্যকারীকে বিধি অনুযায়ী জবাবদিহিতার আওতায় আনা হবে।

১৮। স্বাস্থ্য বিধি সংক্রান্ত যে কোন অভিযোগ/পরামর্শ নিরাপত্তা শাখায় অবহিত করা (জনাব সাদেক হোসেন প্রামানিক, নিরাপত্তা কর্মকর্তা, নিরাপত্তা শাখা। মোবাইল নং- ০১৯৫১৪৮৪২৫৫ /০১৫২১২৪৮৩৮৪, পিএবিএক্স- ১২৭; ই- মেইলঃ hossainsadeque@kuet.ac.bd)

এ পরিপ্রেক্ষিতে পূর্বে প্রকাশিত এ সংক্রান্ত বিজ্ঞপ্তিসমূহ (স্মারক নং- খুপ্রবি/সওপ্র/৩১৭৯/১০০, তারিখ- ০৯/০৪/২০২০ইং; খুপ্রবি/সওপ্র/৩২৭৯/১০০, তারিখ- ০৯/০৬/২০২০ইং ও খুপ্রবি/সওপ্র/২২/৫০, তারিখ- ০৫/০৭/২০২০ইং) এতদ্বারা বাতিল করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

08.9.2020

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/সওপ্র/ ৫৫০/৫০ তারিখঃ ০৮/০৯/2020

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।

২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।

৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।

৪। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।

৫। সকল হল প্রভোষ্ট, অত্র বিশ্ববিদ্যালয়।

৬। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।

৭। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়।

৮। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।

৯। সংরক্ষণ নথি।

০৮/০৯/2020

(মোঃ রবিউল ইসলাম)

সেকশন অফিসার (গ্রেড-২)